

নিয়োগ বিজ্ঞপ্তি

ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী

মোমেনশাহী সেনানিবাস, ময়মনসিংহ

Website: www.cpscm.edu.bd

অত্র প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য সং, যোগ্য ও প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

ক্রঃ নং	পদের নাম ও সংখ্যা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ মোতাবেক)
১।	সহকারি শিক্ষক (ব্যবস্থাপনা) - ০১ জন।	ক। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতকসহ ২য় শ্রেণির বিএড ডিগ্রী। অথবা, খ। সংশ্লিষ্ট বিষয়ে ন্যূনতম ২য় শ্রেণির স্নাতক (সম্মান) সহ ২য় শ্রেণির স্নাতকোত্তর ডিগ্রী। অথবা, গ। স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ৪ বছর মেয়াদী ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫ এর নীচে) গ্রহণযোগ্য নয়।	১৬,০০০-৩৮,৬৪০/- (গ্রেড-১০)
২।	ক। জুনিয়র শিক্ষক (বাংলা) - ০৩ জন। খ। জুনিয়র শিক্ষক (ইংরেজি) - ০২ জন। গ। জুনিয়র শিক্ষক (গণিত) - ০৪ জন। ঘ। জুনিয়র শিক্ষক (বিজ্ঞান) - ০১ জন। ঙ। জুনিয়র শিক্ষক (ইসলাম ও নৈতিক শিক্ষা) - ০১ জন। চ। জুনিয়র শিক্ষক (আইসিটি) - ০১ জন। ছ। জুনিয়র শিক্ষক (ইতিহাস ও সামাজিক বিজ্ঞান) - ০১ জন।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে সংশ্লিষ্ট বিষয়ে ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫ এর নীচে) গ্রহণযোগ্য নয়।	১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)
৩।	জুনিয়র শিক্ষক - ০১ জন।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে ২য় শ্রেণির স্নাতক (সম্মান) ডিগ্রী। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫ এর নীচে) গ্রহণযোগ্য নয়।	১২,৫০০-৩০,২৩০/- (গ্রেড-১১)
৪।	শিক্ষক সহকারি-মহিলা (খন্ডকালীন)-০৭ জন।	২য় বিভাগে এইচএসসি পাস। সংশ্লিষ্ট কাজে পূর্ব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। নার্সারী/কেজি শ্রেণির ছাত্র-ছাত্রীদের সাথে আন্তরিকভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে।	সর্বসাকুল্যে ১০,০০০/-

চাকুরীর শর্ত ও আবেদনের নিয়মাবলী। সকল পদে প্রার্থীদের অস্থায়ী ভিত্তিতে নিয়োগের পর ০২ (দুই) বৎসর চাকুরীকাল পর্যবেক্ষণ পিরিয়ড হিসেবে গণ্য হবে। উক্ত সময়ে পেশাগত মান সন্তোষজনক বিবেচিত হলে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী চাকুরী স্থায়ী করা হবে। চাকুরী স্থায়ীকরণের পর প্রতিষ্ঠানের বিধি মোতাবেক উৎসাহ ভাতা, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি এবং আবাসন সুবিধা প্রদান করা হবে। ক্রমিক ১, ২ ও ৩ নং পদের জন্য ৬০০/- (ছয়শত) টাকা এবং ৪নং পদের জন্য ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডারসহ অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী বরাবর, ট্রাস্ট ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক ময়মনসিংহ শাখার অনুকূলে (ট্রাস্ট ব্যাংক লিঃ/সোনালী ব্যাংক এর যে কোন শাখা হতে) পূর্ণ জীবনবৃত্তান্ত (মোবাইল ফোন নম্বরসহ), সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি, সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০২ কপি ল্যাব প্রিন্ট ছবিসহ আগামী ০৫ ডিসেম্বর ২০২৪ তারিখের মধ্যে দরখাস্ত অধ্যক্ষ, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল এন্ড কলেজ মোমেনশাহী বরাবর স্বশরীরে/ডাকযোগে পৌঁছাতে হবে। শিক্ষা জীবনের কোন স্তরে ৩য় বিভাগ/শ্রেণি (জিপিএ-২.৫০ এ নীচে) গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ ও ক্রটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য করা হবে।

লিখিত পরীক্ষা। লিখিত পরীক্ষা ১১ ডিসেম্বর ২০২৪ তারিখ ১০০০ ঘটিকায় প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে। আবেদন পত্র যাচাই/বাচাই পূর্বক লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য নির্বাচিত প্রার্থীদের নামীয় তালিকা পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার ০২ দিন পূর্বে অত্র প্রতিষ্ঠানের ওয়েবসাইটে প্রকাশ করা হবে। পরীক্ষায় অংশ গ্রহণের জন্য টিএ/ডিএ প্রদান করা হবে না এবং ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে না।